



ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সদস্য পদ গ্রহণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, প্রবাসে বসবাসরত সকল বাংলাদেশী নাগরিক ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সদস্য পদ লাভ করতে পারবেন। ইতোপূর্বে এ সুবিধা কেবল প্রবাসে কর্মরত শ্রমিকদের জন্য সীমাবদ্ধ ছিল। উক্ত সদস্যপদ গ্রহণের ফলে প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ সরকার কর্তৃক প্রদত্ত সুবিধাদি যেমন ৪ বাংলাদেশে অধ্যয়নরত প্রবাসী সন্তানদের শিক্ষাবৃত্তি; বাংলাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির নিমিত্তে সনদ প্রদান; মৃত দেহ দেশে প্রেরণে সহায়তা; মৃত্যুবরণকারী প্রবাসীর পরিবারকে এক কালীন আর্থিক অনুদান; দেশে প্রবাসী ও তাঁর পরিবারের প্রয়োজনে উপজেলা তথা জেলা প্রশাসনের মাধ্যমে সহায়তা প্রদান; বিপদগ্রস্থ প্রবাসীদের দেশে প্রত্যাবর্তনের সহায়তা প্রদান; প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে সহজ শর্তে ঋণ গ্রহণ সহ ভবিষ্যতে প্রবর্তিত অন্যান্য সেবাদি লাভ করতে পারবেন। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের ওয়েব সাইট (www.wewb.gov.bd) এ পাওয়া যাবে।

০২। অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ও ফিজিতে বসবাসরত সকল বাংলাদেশী প্রবাসীদের সদস্য পদ গ্রহণ করার জন্য বিশেষভাবে আহ্বান জানানো যাচ্ছে। সদস্যপদের জন্য www.wewb.gov.bd ওয়েব সাইটে “Membership” icon এ ক্লিক করে প্রবাসীরা রেজিস্ট্রেশন করতে পারবেন।

অথবা

প্রয়োজনীয় কাগজ ও নির্ধারিত ফি সহ বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরায় সরাসরি যোগাযোগ করুন।

- ১। পূরণকৃত আবেদনপত্র;
- ২। বাংলাদেশী পাসপোর্টের ফটোকপি (Valid or Expired), অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ও ফিজির নাগরিকত্ব গ্রহণ করে থাকলে সংশ্লিষ্ট দেশের নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি/স্থায়ী বাসিন্দা (Permanent Residency) এর প্রমানপত্র/ভিসার কপি;
- ৩। যারা নাগরিকত্ব গ্রহণ করেননি তাদের ক্ষেত্রে Work ভিসার কপি;
- ৪। পাসপোর্ট সাইজ ছবি-১ কপি;
- ৫। সদস্যপদ ফি ৬০ অস্ট্রেলিয়ান ডলার জমা দেয়ার রশিদ; (পোস্টাল মানি অর্ডার/ব্যাংক চেক/ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে ফি প্রদান করা যাবে)।

Account Name: Bangladesh High Commission

BSB: 032729

Account No: 178168

Bank Name: Westpac



যোগাযোগ ৪ মিস নাহিদ আফরোজ, প্রথম সচিব

ফোন: (০২) ৬২৯০-০৫১১

(০২) ৬২৯০-০৫২২

(০২) ৬২৯০-০৫৩৩

Email: labour.canberra@mofa.gov.bd